২৬

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

| বিষয় কোড | | |
|---|---|---|
| ১ | ৩ | ৪ |

শ্রেণি : ৬ষ্ঠ

বিষয় : কৃষি শিক্ষা (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

বিশেষ দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। সাদিয়া তার মামার বাড়িতে বেড়াতে গেল। মামার বাড়িটি শিল্প এলাকায় অবস্থিত। খুবই ঘনবসতি পূর্ণ ঐ এলাকায় বড় বড় বিল্ডিং আর গাড়ি ছাড়া তেমন কিছুই নেই। প্রচণ্ড গরমে সে অস্বস্তিবোধ করতে লাগল। তার নিঃশ্বাস নিতেও কষ্ট হচ্ছিল। পরবর্তীকালে এ বিষয়ে তার বাবা পরিবেশ বিশেষজ্ঞ আনোয়ার সাহেবের সাথে কথা বললেন। তিনি বললেন, ঐ এলাকার মানুষের অসচেতনতাই এর জন্য দায়ী।

ক) বাংলাদেশের সর্বোচ্চ তাপমাত্রা কখন থাকে? ১

খ) বাতাসের আদ্রতাই বৃষ্টিপাতের কারণ - ব্যাখ্যা কর। ২

গ) মামার বাড়িতে সাদিয়ার অস্বস্তিবোধ করার কারণ বর্ণনা কর। ৩

ঘ) সাদিয়ার মামার এলাকাটিকে কীভাবে পরিবেশ দূষণের হাত থেকে রক্ষা করা যায়? মতামত দাও। ৪

২। আহসান সাহেবের বয়স ৭০ বছর। তাঁর শৈশব, কৈশোর ও যৌবন কেটেছে গ্রামের ছায়া সুশীতল পরিবেশে। তিনি নিয়মিত বৃষ্টিপাত, বন্যা, ঠাণ্ডা-গরম ও মাঠ ভরা ফসল দেখে বড় হয়েছেন। কিন্তু বিগত কয়েক বছর ধরে তিনি অনেক পরিবর্তন লক্ষ করেছেন। অতি বৃষ্টি, খরা ও প্রাকৃতিক দুর্যোগের ঘনঘটা আহসান সাহেবকে ভাবিয়ে তুলছে।

ক) খরা কোন ধরণের দুর্যোগ? ১

খ) বর্ষাকালে প্রচুর বৃষ্টিপাত হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) আহসান সাহেব পরিবেশের যে পরিবর্তন লক্ষ করেছেন তার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) পরিবেশের এই অবস্থা কীভাবে প্রতিরোধ করা যায় তা নিজের যুক্তি দিয়ে উপস্থাপন কর। ৪

৩। নাসির ৬ষ্ঠ শ্রেণির ছাত্র। ওর মামা কৃষি বিশেষজ্ঞ ও আবহাওয়াবিদ। নাসির মামার কাছে আবহাওয়া ও জলবায়ু সম্পর্কে জানতে চাইলে তার মামা আবহাওয়া ও জলবায়ু কি, এদের উপাদান, ফসল উৎপাদনে এদের প্রভাব ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করলেন।

ক) আবহাওয়া কী? ১

খ) আবহাওয়া ও জলবায়ুর পার্থক্য লেখ। ২

গ) নাসির তার মামার কাছ থেকে আবহাওয়ার যে উপাদানগুলো সম্পর্কে জানতে পারল তা ব্যাখ্যা কর। ৩

ঘ) নাসিরের মামার মতে যে সমস্ত উপাদান জলবায়ুর উপর প্রভাব ফেলে তা ব্যাখ্যা কর। ৪

৪। জলবায়ুর পরিবর্তনের প্রধান কারণ গ্রিন হাউসের প্রভাব। শীত প্রধান দেশে কাঁচের ঘর তৈরি করে সূর্য থেকে তাপ ধরে চাষ করা হয় শাকসবজি। কাঁচ ঘরে সূর্যের আলো প্রবেশ করলে তা বাইরে বের হতে পারে না।

ক) গ্রিন হাউস গ্যাস কী? ১

খ) গ্রিন হাউস প্রভাব বলতে কী বোঝায়? ২

গ) ফসল উৎপাদনে গ্রিন হাউসের ভূমিকা বর্ণনা কর। ৩

ঘ) গ্রিন হাউসের প্রভাব কীভাবে পৃথিবীর জলবায়ুর পরিবর্তন ঘটছে তা বর্ণনা কর। ৪

৫। রওশন আরা বসতি বাড়ির সাথে খালি জায়গায় বিভিন্ন শাকসবজি চাষের সিদ্ধান্ত নিয়ে ৩ শতাংশের ১টি প্লটে টমেটো চাষের জন্য প্রস্তুত করেন। উন্নত জাত, সঠিক মাত্রায় সার প্রয়োগ, যত্ন ও পরিচর্যার কারণে রওশন আরা টমেটোর সর্বোচ্চ ফলন পান। পারিবারিক প্রয়োজন মিটিয়ে তিনি কিছু টমেটো বাজারে বিক্রি করেন। রওশন আরার উদ্যোগটি দেখে আশেপাশের অনেকেই বসতবাড়িতে শাকসবজি বাগান করেন।

ক) উদ্যান ফসল কাকে বলে? ১

খ) লালশাকের বীজ বপন করতে বীজের সাথে বালি বা ছাই মেশালো হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) রওশন আরা টমেটো চাষের জন্য ৩ শতাংশ জমিতে কতটুকু গোবর সার প্রয়োগ করেছিলেন তা নির্ণয় কর। ৩

ঘ) রওশন আরার উদ্যোগটি পারিবারিক পুষ্টির চাহিদা পূরণে কী ধরণের ভূমিকা রাখবে? বিশ্লেষণ কর। ৪

৬। রহিম মিয়া অবসর গ্রহণের পর পৈতৃক ভিটায় স্থায়ী ভাবে বসবাস শুরু করেন। মাছ ধরা শখ তাই ভাইকে নিয়ে নদীতে মাছ ধরতে গেলেন। কিন্তু কোনো মাছই পেলেন না। পরে তিনি জানতে পারলেন ইদানীং নদীতে তেমন মাছ পাওয়া যায় না। তাই তিনি পুকুরে বড় মাছ চাষ করার জন্য মনস্থির করলেন। বড় মাছের সাথে তিনি ছোট মাছের চাষও শুরু করলেন।

ক) মাছে কোন খাদ্য উপাদান সবচেয়ে বেশি? ১

খ) কোন অবস্থায় কবুতর খরকুটো টেনে বাসায় তোলে? ২

গ) রহিম মিয়া নদীতে মাছ না পাওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) বড় মাছের পাশাপাশি ছোট মাছ চাষের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৭। বাদশা ৫ শতাংশ জমিতে প্রয়োজনীয় পরিমাণে বিভিন্ন সার দিয়ে জমি তৈরি করে সঠিক পদ্ধতিতেই লাল শাকের বীজ বপন করে কিন্তু পরবর্তী সময়ে অব্যবস্থাপনার কারণে সে কাঙ্খিত মাত্রায় শাক সংগ্রহ করতে ব্যর্থ হয়।

ক) সিঁদুর লাল লালশাকের জাতটির নাম কী? ১

খ) কোন ধরণের মাটিতে লালশাক চাষ করতে হয়? ২

গ) বাদশা কীভাবে লালশাকের বীজ বপন করল? বর্ণনা কর। ৩

ঘ) বাদশার কাঙ্খিত ফলন লাভে ব্যর্থ হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৮। টমেটো চাষের জন্য জামাল ২০ শতক উঁচু জমি নির্বাচন করেন। রোগ বালাই ও পোকা মাকড় প্রতিরোধ করায় তিনি বেশ লাভবান হলেন।

ক) টমেটোর তিনটি জাতের নাম লেখ। ১

খ) কেমন জমিতে টমেটোর চাষ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ) জামালের জমিতে সারের পরিমাণ উল্লেখ কর। ৩

ঘ) 'টমেটোর রোগবালাই টমেটো চাষের প্রধান অন্তরায়' - বিশ্লেষণ কর। ৪

৯। সজিব স্যার বিজ্ঞান ক্লাসে মরিচের গুণাগুণ বর্ণনা করেন। তিনি মরিচের চাষ সম্পর্কে বিভিন্ন আলোচনা করেন। এতে শিহাব উৎসাহী হয়ে তার বাবাকে মরিচের চারাগাছ আনতে বলেন।

ক) মরিচে কোন ভিটামিন বেশি থাকে? ১

খ) মরিচ চাষের জন্য কোন ধরণের মাটি উপযোগি? ২

গ) মরিচের বীজতলা তৈরি ও আন্তঃপরিচর্যা সম্পর্কে বর্ণনা দাও। ৩

ঘ) শিহাব মরিচের চাষ করলে তাকে পোকা দমনে কী ব্যবস্থা নিতে হবে? বর্ণনা কর। ৪

১০। হাবিবের বাবা গ্রামে নতুন একটি বাড়ি তৈরি করেন। বাড়ির চারপাশে সমভাবে প্রায় ৪ শতাংশ জমি ফাঁকা আছে। হাবিবের ইচ্ছা অনুযায়ী তার বাবা বাড়ির ফাঁকা অংশগুলোতে পারিবারিক পুষ্টি চাহিদা বিবেচনায় বাগান করার সিদ্ধান্ত গ্রহণ করেন।


ক) উদ্যান ফসলকে কত ভাগে ভাগ করা যায়? ১

খ) কৃষি প্রযুক্তির বৈশিষ্ট্য লেখ। ২

গ) হাবিব বাড়ির বাগানে দ্রুত ফলদানকারী গাছগুলো কোথায় লাগাবে? বর্ণনা কর। ৩

ঘ) পারিবারিক পুষ্টি চাহিদা পূরণে হাবিবের উদ্যোগের যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১।




ক) কৃষি বনায়ন কাকে বলে? ১

খ) কৃষি বনায়নের উপযোগি গাছগুলোর ২টি বৈশিষ্ট্য লেখ। ২

গ) উদ্দিপকের অসম্পূর্ণ চিত্রটি সম্পূর্ণ কর। ৩

ঘ) উদ্দিপকের চিত্রের মাধ্যমে যা বোঝানো হয়েছে তা এখন সময়ের দাবি - ব্যাখ্যা কর। ৪